অধ্যক্ষের কার্যালয়
# চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর
ফোন : ০৮৪১-৬৩১৪৩, মোবাইল নং: ০১৭৩০-৫৮৮৮৭৩
ই-মেইল: chandpurgovtcollege@yahoo.com, ওয়েব সাইট : www.chandpurcollege.edu.bd

স্মারক নং

তারিখ: ১৫/০২/২০২২

বিজ্ঞপ্তি নং-৬২

## ২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) কোর্সে ভর্তি/রেজিস্ট্রেশনের বিজ্ঞপ্তি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন চাঁদপুর সরকারি কলেজে ২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (প্রাইভেট) কোর্সে ভর্তি/রেজিস্ট্রেশনের জন্য শিক্ষার্থীদের নিকট থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে।

১। আবেদনের যোগ্যতা: ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ সাল ও তৎপরবর্তী সালসমূহে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান)পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে ০৪ (চার) মেয়াদী স্নাতক (সম্মান)পরীক্ষায় (পাস) ডিগ্রি প্রাপ্ত কোনো শিক্ষার্থী এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে না।

খ)। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৫ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট ০৩ (তিন) বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

২। ভর্তি/রেজিস্ট্রেশনের আবেদন:- ১৫/০২/২০২২ তারিখ বিকাল ৪:০০টা থেকে ২০/০২/২০২২খ্রি. রাত ১২:০০টা পর্যন্ত করা যাবে।

৩। আবেদন পদ্ধতি: আবেদন ফরম পূরণের জন্য আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট **(www.nu.ac.bd/admissions) Masters Tab** এ প্রবেশ করে **Apply Now (Masters Private)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েব সাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স/প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাশের সন, নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তি যোগ্য **(Eligible)** বিষয়ের তালিকা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে তার প্রার্থীত বিষয় নির্ধারণ করতে হবে। চাঁদপুর সরকারি কলেজে আবেদনের ক্ষেত্রে কলেজ কোড- ৩৯০১। আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে **১২০ x ১৫০ Pixels,Image Type:Jpg Maximum File Size: 50Kb.** সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিনকোড প্রদর্শিত হবে এবং ফরমটি **Download** করে **A4 (8.5''X 11'')** অফসেট কাগজে **(Print)** কপি নিতে হবে।

৪। ফি প্রদান পদ্ধতি: বিকাশ অথবা নগদ অ্যাপস্-এর পে-বিল অপশনে প্রবেশ করে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। অতপর **Student ID** এর স্থলে অনলাইনে আবেদন ফরমের **Admission Roll** (যা ডাউনলোডকৃত আবেদন ফরমে উল্লেখ আছে) লিখে **February-22 Select** করে আবেদন ফি বাবদ ১৩৫০/-(একহাজার তিনশত পঞ্চাশ) টাকা (সার্ভিস চার্জ স্বয়ংক্রিয়ভাবে কাটা যাবে) নিশ্চিত হয়ে ট্যাপ করে **Payment** সম্পন্ন করতে হবে। মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ২২/০২/২০২২ তারিখ হতে ২৭/০২/২০২২ তারিখ বিকাল ৪:০০টার মধ্যে ফি জমা প্রদান করতে হবে।

৫। বিকাশ অথবা নগদ অ্যাপস এর মাধ্যমে রেজিস্ট্রেশন ফি পরিশোধের পর আবেদন ফরম ও ফি জমাদানের রশিদ ২২/০২/২০২২ তারিখ হতে ২৭/০২/২০২২ তারিখের মধ্যে অবশ্যই কলেজ অফিসে জমা দিতে হবে। অন্যথায় রেজিস্ট্রেশন আবেদন নিশ্চয়ন সম্ভব হবে না।

৬। ২৭/০২/২০২২ তারিখের মধ্যে আবেদনকারীর মোবাইলে আবেদন নিশ্চয়ন সংক্রান্ত SMS যাবে। উক্ত তারিখের মধ্যে নিশ্চয়ন SMS না পেলে ২৮/০২/২০২২ তারিখের মধ্যে ০১৭৩০৫৮৮৮৭৩ (সকাল ১০:০০ থেকে ৪:০০টা পর্যন্ত) যোগাযোগ করতে হবে। অন্যথায় এ সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১৫/২/২০২২

(প্রফেসর অসিত বরণ দাশ)
অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অনুলিপি:
১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
২। বিভাগীয় প্রধান,......................................., চাঁ.স.ক।
৩। কলেজ ওয়েবসাইট: **www.chandpurcollege.edu.bd**
৪। অফিস নথি।